

অবচয় মূল্যে সকল প্রকার শুষ্ক-কর পরিশোধক্রমে খালাসযোগ্য ব্যাগেজের তালিকা।—

এসআরও নং- ১৬৫/২০০০ এর বিধি ৩ এর উপ-বিধি (১) এ বর্ণিত মল্যসীমা সাপেক্ষে যাত্রী কর্তৃক আমদানিকৃত নিম্ন তালিকায় বর্ণিত পণ্যের প্রত্যেকটি একটি করিয়া প্রাপ্য অবচয় মূল্যের উপর প্রযোজ্য হারে সকল প্রকার শুষ্ক-কর পরিশোধক্রমে খালাস করা যাইবে; একের অধিক হইলে অবচয় মূল্যের সুবিধা প্রদান করা যাইবেনা এবং সকল প্রকার শুষ্ক-কর পরিশোধ করিতে হইবে। পরিবারের অন্যান্য সদস্য বিধি ৩ এর উপ-বিধি (২) এ বর্ণিত মল্যসীমার মধ্যে নিম্ন তালিকায় বর্ণিত পণ্য একটি করিয়া প্রাপ্য অবচয় মূল্যের উপর সকল প্রকার শুষ্ক-কর পরিশোধক্রমে আমদানি করিতে পারিবে।

#### তালিকা

টেলিভিশন সেট, রেফ্রিজারেটর, ডিপফ্রিজার, গৃহস্থালী কুকার ও ওভেন, ওয়াশিং মেশিন, ক্লথ ড্রাইয়ার, ডিসওয়াশার, ভি.সি.পি. ভি.সি.আর., সেলাই মেশিন, নিটিং মেশিন, মিউজিক সেন্টার, লেজার ডিস্ক প্লেয়ার/কমপ্যাক্ট ডিস্ক প্লেয়ার, ভিডিও প্লেয়ার, হোম থিয়েটার, সিডি/ডিভিডি, মুভি ক্যামেরা, ভিডিও প্রজেক্টর, সর্ব প্রকার ফ্যান, এয়ার কন্ডিশনার, এয়ারকুলার, টেলিফোনসেট (মোবাইলসেট সহ), ভিডিও ক্যাসেট (রেকর্ডকৃত), পারসোনাল কম্পিউটার/ল্যাপটপ, স্যাটেলাইট রিসিভার, ক্রোকারিজ বা তৈজষপত্র, আসবাবপত্র, নেবুলাইজার মেশিন, ক্রাচ (crutch), হুইল চেয়ার এবং অনধিক ১০০০ (এক হাজার) মার্কিন ডলার মন্ত্রীয় অন্যান্য গৃহস্থালী সামগ্রী।